গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..................... ৩

প্রস্তাবনা ..................... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..................... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................... ৬

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..................... ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ..................... ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ..................... ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..................... ১৪

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

হাওর ও জলাভূমির পানি সম্পদ, জীববৈচিত্র ও পরিবেশ সম্পর্কে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে বিভিন্ন বিভাগ/সংস্থা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের লক্ষ্যে গত তিন বছরে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ২টি সমীক্ষা প্রকল্প বাস্তবায়ন করেছে। একটি প্রকল্পের আওতায় দেশের উত্তর-পূর্বাংশের সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ ও নেত্রকোনা এ ৬টি জেলার ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির বর্তমান অবস্থা নিরূপণ এবং গাণিতিক মডেল প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের ফলাফলের ভিত্তিতে সুপারিশকৃত এলাকায় প্রাকৃতিক পানির যুক্তিযুক্ত ব্যবহার সম্ভব হবে। অন্য প্রকল্পটির আওতায় সর্বনিম্ন ২৫ শতক আয়তন পর্যন্ত পুকুরসহ দেশের সকল জলাভূমির একটি পূর্ণাঙ্গ তালিকা ও মানচিত্র প্রস্তুত, টাঙ্গুয়ার হাওর সংলগ্ন ১২০ বর্গ কিলোমিটার এলাকায় লাইডার সার্ভে করা এবং জীববৈচিত্র্য, মৎস্য, কৃষি, বন ও জীবনযাত্রার মান উন্নয়ন বিবেচনায় জলাভূমির ব্যবস্থাপনার রূপরেখা তৈরি করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

হাওর এলাকার জনজীবন, পরিবেশ ও প্রতিবেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর কার্যক্রম পরিচালনা করছে। এক্ষেত্রে অধিদপ্তর যেসব সমস্যার সম্মুখীন হচ্ছে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য: বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের জনবল নিয়োগবিধিমালা অনুমোদন ও চূড়ান্তকরণ; দপ্তরে অস্থায়ী ভিত্তিতে কর্মরত জনবলের অনিশ্চিত ভবিষ্যৎ; অফিসের স্থান সংকুলানের অভাব; এবং এ অধিদপ্তরের কার্যাবলি সুনির্দিষ্টকরণ। এছাড়া হাওর মহাপরিকল্পনার সুষ্ঠু বাস্তবায়ন; হাওর অঞ্চলের জনগণের জীবনমান উন্নয়ন ও টেকসই উন্নয়ন সাধন; শূন্যপদে জনবল নিয়োগ অধিদপ্তরের প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

হাওর ও জলাভূমি অঞ্চলের জীববৈচিত্র সুরক্ষা, বন্যা ব্যবস্থাপনা, প্রকল্প বাস্তবায়ন ও অবকাঠামো উন্নয়নে সহযোগিতার মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধিকল্পে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ২০ বছর মেয়াদী হাওর মহাপরিকল্পনা (২০১২-২০৩২) গ্রহণ করেছে। বর্তমানে এ অধিদপ্তর শক্তিশালী করার লক্ষ্যে বহুমূখী কার্যক্রম বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা হয়েছে যেমন: ''বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (কর্মচারী)নিয়োগ বিধিমালা-এর চূড়ান্ত অনুমোদন সমাপ্তকরণ; হাওর মহাপরিকল্পনা হালনাগাদকরণ; চলন বিলের প্রাকৃতিক সম্পদের সমন্বিত ব্যবহারের বিষয়ে সমীক্ষা প্রকল্প গ্রহণ; আরিয়াল বিলের প্রাকৃতিক সম্পদের সমন্বিত ব্যবহারের বিষয়ে সমীক্ষা প্রকল্প গ্রহণ; হাওর ও জলাভূমি সংরক্ষণ ও ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন; হাওর ও জলাভূমি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা; এবং হাওর ভবন নির্মাণের কার্যক্রম গ্রহণ।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সমীক্ষার কাজের মাধ্যমে জলাভূমি/নিম্নভূমি থেকে উৎপন্ন দেশের ৮১টি বিশেষ নদী পূর্ণাঙ্গভাবে চিহ্নিতকরণ;
- এসব নদী খনন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সেচকাজ সম্প্রসারণ ও মৎস্য উৎপাদন বৃদ্ধি; এবং
- নতুন বিনিয়োগ প্রকল্প গ্রহণ করে এসব এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের হাওর ও জলাভূমি অঞ্চলের জনগণের টেকসই জীবনমান উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

হাওর ও জলাভূমি অঞ্চলের জীববৈচিত্র্য সুরক্ষা, বন্যা ব্যবস্থাপনা, প্রকল্প বাস্তবায়ন ও অবকাঠামো উন্নয়নে সহযোগিতার মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধি।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. পরিদর্শন
২. প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা
৩. প্রকল্পের উপর মতামত প্রদান
৪. প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| হাওর অঞ্চলে নির্মিত ফসল রক্ষা বাঁধের গুনগত মান নিশ্চিতকরণ | বাঁধ পরিদর্শনকৃত | সংখ্যা | ০ | ০ | ১০০ | ১০০ | ১০০ | পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন |
| হাওর অঞ্চলে চলমান প্রকল্পের কার্যাবলী যথাসময়ে ও সুষ্ঠুভাবে সম্পন্নকরণ | প্রকল্প পরিদর্শনকৃত | সংখ্যা | ০ | ০ | ১০ | ১০ | ১০ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্যসংস্থা/ প্রকল্প পরিচালক ও বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা |
| হাওর অঞ্চলে চলমান প্রকল্পের অগ্রগতি নিশ্চিতকরণ | সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ০ | ৪ | ৪ | ৪ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য সংস্থা | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা |
| হাওর ও জলাভূমিবান্ধব প্রকল্প গ্রহন নিশ্চিতকরণ | মতামত প্রদানকৃত | % | ০ | ০ | ৯০ | ৯০ | ৯০ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অন্যান্য সংস্থা | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] পরিদর্শন | ৩০ | [১.১] হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধের নির্মাণ/ মেরামত কার্যক্রম পরিদর্শন | [১.১.১] বাঁধ পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২০ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [১.২] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | [১.২.১] প্রকল্প পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ০ | ১০ | ৮ | ৬ | | | ১০ | ১০ |
| [২] প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | ২০ | [২.১] হাওর অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থার প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | [২.১.১] সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২০ | ২ | ০ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| [৩] প্রকল্পের উপর মতামত প্রদান | ১০ | [৩.১] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থা কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান | [৩.১.১] মতামত প্রদানকৃত | সমষ্টি | % | ১০ | ০ | ০ | ৯০ | ৮০ | ৭০ | | | ৯০ | ৯০ |
| [৪] প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | ১০ | [৪.১] সমীক্ষা প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | [৪.১.১] প্রকল্প প্রণয়নকৃত/ বাস্তবায়িত | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ০ | ২ | ১ | | | | ২ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৪.০৫.২০২১

মহাপরিচালক
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

তারিখ

২৪/৫/২১

সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DBHWD | Department of Bangladesh Haor and Wetlands Develoment |
| ২ | আইডব্লিউএম | ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং |
| ৩ | পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৪ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৫ | বাহাজউত | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৬ | সিইজিআইএস | সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধের নির্মাণ/ মেরামত কার্যক্রম পরিদর্শন | [১.১.১] বাঁধ পরিদর্শনকৃত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ/পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা | পরিদর্শন প্রতিবেদন |
| [১.২] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | [১.২.১] প্রকল্প পরিদর্শনকৃত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ/পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা | পরিদর্শন প্রতিবেদন |
| [২.১] হাওর অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থার প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | [২.১.১] সভা অনুষ্ঠিত | কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ/পরিবেশ শাখা | সভার কার্যবিবরণী |
| [৩.১] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থা কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান | [৩.১.১] মতামত প্রদানকৃত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ/পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা | পত্র |
| [৪.১] সমীক্ষা প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | [৪.১.১] প্রকল্প প্রণয়নকৃত/ বাস্তবায়িত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ | পিএফএস/অগ্রগতি প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধের নির্মাণ/ মেরামত কার্যক্রম পরিদর্শন | বাঁধ পরিদর্শনকৃত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | প্রকল্পের তথ্য সংগ্রহ, অংশীজনের সাথে মতবিনিময়, সরেজমিনে পরিদর্শন ও সংশ্লিষ্টদের সহযোগিতা গ্রহণ |
| হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | প্রকল্প পরিদর্শনকৃত | পানি সম্পদ মন্ত্রণালয় | তথ্য সংগ্রহ ও মতবিনিময় |
| হাওর অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন দপ্তর/ সংস্থার প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | সভা অনুষ্ঠিত | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | তথ্য সংগ্রহ, বিশ্লেষণ,মতবিনিময় ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান |
| হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থা কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান | মতামত প্রদানকৃত | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সংশ্লিষ্টদের উপস্থাপনা, প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন, বিভিন্ন আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে মতামত প্রদান |
| সমীক্ষা প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | প্রকল্প প্রণয়নকৃত/ বাস্তবায়িত | পানি সম্পদ মন্ত্রণালয় | প্রকল্প প্রণয়নে সরকারের নীতিমালা অনুসরণ, মন্ত্রণালয়ের নির্দেশনা গ্রহণ ও অংশীজনের সাথে আলোচনা |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ